দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 APR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

001

# শিক্ষা সকল পর্যায়ে উৎপাদন বৃদ্ধির পূর্বশর্ত – মওদুদ আহমদ

ভাইস প্রেসিডেন্ট মওদুদ আহমদ গতকাল (বৃহস্পতিবার) বলেন, শিক্ষা সকল পর্যায়ে উৎপাদন বৃদ্ধির জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। (১১শ পৃঃ দ্রঃ)

## মওদুদ আহমদ

( ১ম পৃঃ পর )

বাসস জানায়, ভাইস প্রেসিডেন্ট বিসিআইসি মিলনায়তনে গণমানস নিরীক্ষণ কেন্দ্রের স্বাধীনতা দিবস স্বর্ণপদক ১৯৯০ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। জাতীয় যুব কল্যাণ কেন্দ্রের চেয়ারম্যান কাজী মোজাম্মেল হক এবং শিল্পসচিব এ, কে, এম, মোশাররফ হোসেন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। স্ব স্ব ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ৭ জনকে স্বাধীনতা দিবস স্বর্ণপদক প্রদান করা হয়। পদকপ্রাপ্তরা হইলেন : বেগম জিনাত হোসেন (সমাজসেবা), সাইফুল বারী (কবিতা), আবুল খায়ের মোসলেহউদ্দিন (সাহিত্য), সানাউল্লাহ নূরী (সাংবাদিকতা), মীর মোশতাক আহমদ (মুক্তিযোদ্ধা সংগঠক), মুস্তাফিজুর রহমান (ব্যাংকিং) ও মেজর (অবঃ) এম, এম, ইকবাল (মাদক বিরোধী আন্দোলন)। জনাব মওদুদ বলেন, সরকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতিকল্পে কর্মসূচী বাস্তবায়নে দৃঢ়প্রতিজ্ঞ।